# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Minor/Dsc 1st Semester Examination, 2024

## BANGMIN101/BANGDSC101-BENGALI

### বাংলা সাহিত্যের ইতিহাস [আধুনিক যুগ : সংক্ষিপ্ত পরিচয়]

Time Allotted: 2 Hours 30 Minutes — Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোনো ***ছ'টি*** প্রশ্নের উত্তর দাওঃ ২×৬ = ১২

(ক) "কমলাকান্তের দপ্তর" প্রবন্ধটির রচয়িতা কে ? এই গ্রন্থের দু'টি উল্লেখযোগ্য প্রবন্ধের নাম লেখো।

(খ) রামমোহন রায়ের দু'টি প্রবন্ধ গ্রন্থের নাম প্রকাশকাল-সহ উল্লেখ করো।

(গ) কবি নজরুল ইসলামের প্রথম কাব্যগ্রন্থের নাম কি ? এটি কত সালে প্রকাশিত হয় ?

(ঘ) "আরণ্যক" উপন্যাসের লেখক কে ? এই উপন্যাসের প্রধান দু'টি চরিত্রের নাম উল্লেখ করো।

(ঙ) নিম্নলিখিত চরিত্রগুলি কোন কোন উপন্যাসের তা লেখোঃ
রমেশ, কপিলা, নবকুমার, আনন্দময়ী।

(চ) বলাইচাঁদ মুখোপাধ্যায় (বনফুল)-এর চারটি গল্পের নাম লেখো।

(ছ) রবীন্দ্রনাথ ঠাকুরের চারটি ছোটগল্পের নাম উল্লেখ করো।

(জ) 'মানসী' ও 'সোনার তরী' কাব্যের প্রকাশকাল লেখো।

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) প্রমথ চৌধুরীর সম্পাদিত পত্রিকাটির নাম কি ? এটি কত সালে প্রকাশিত হয় ? এই পত্রিকায় প্রকাশিত রবীন্দ্রনাথ ঠাকুরের একটি উপন্যাসের নাম লেখো।

(খ) কবি জীবনানন্দ দাশের রচিত তিনটি কাব্যগ্রন্থের নাম প্রকাশকালসহ লেখো।

(গ) মধুসূদন দত্তের শ্রেষ্ঠ ট্র্যাজেডি নাটক কোনটি ? প্রকাশকালসহ এই নাটকের দুটি প্রধান চরিত্রের নাম উল্লেখ করো।

(ঘ) "চোখের বালি" উপন্যাসটি কার লেখা ? এই উপন্যাসটি কত সালে, কোন পত্রিকায়, কি নামে প্রকাশিত হয় ?

(ঙ) বাংলা সাহিত্যের তিনটি করে ঐতিহাসিক ও আঞ্চলিক উপন্যাসের নাম লেখো।

(চ) "পরশুরাম" কার ছদ্মনাম ? তাঁর রচিত দু'টি গল্পগ্রন্থের নাম উল্লেখ করো।

৩। নিম্নলিখিত যে-কোনো ***দু'টি*** প্রশ্নের উত্তর দাওঃ ৬×২ = ১২

(ক) বাংলা গদ্যের বিকাশে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান সম্পর্কে আলোচনা করো।

(খ) কবি ঈশ্বরচন্দ্র গুপ্তকে যুগসন্ধিক্ষণের কবি বলা যায় কিনা — তা বিচার করো।

(গ) বাংলা ঐতিহাসিক নাটক রচনায় দ্বিজেন্দ্রলাল রায়ের কৃতিত্ব মূল্যায়ন করো।

(ঘ) বাংলা ছোটগল্পে প্রেমেন্দ্র মিত্রের কৃতিত্ব বিচার করো।

৪। নিম্নলিখিত যে-কোনো ***দু'টি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২= ২৪

(ক) বাংলা গদ্যসাহিত্যের বিকাশে ফোর্ট উইলিয়াম কলেজের অবদান সম্পর্কে লেখো।

(খ) গীতিকবি বিহারীলাল রায়ের কাব্য-কৃতিত্ব বিচার করো।

(গ) নাট্যকার দীনবন্ধু মিত্রের রচিত নাটকগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।

(ঘ) বাংলা সাহিত্যে প্রথম সার্থক ঔপন্যাসিক কে ? তাঁর রচিত উল্লেখযোগ্য উপন্যাসগুলি সম্পর্কে লেখো।

——×——